

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:12-10-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

Durgapuja :

আজ মহানবমী। শারদীয়া দুর্গাপূজার বিদায়ের সুর বেজে ওঠে এই দিনে। গতকালই মহাষ্টমীর পর নবমী তিথি ঘোগ হয়েছে। আজই ঘোগ হবে দশমী। অশ্বভর বিরুদ্ধে শুভর জয়ই হল বিজয়া দশমী। আজকের দিনটি দশেরা হিসাবেও পালিত হয়। আগরতলার বাধারঘাটে ওএনজিসি-র মাঠে আজ সন্ধায় দশেরা উৎসবের আয়োজন করা হয়েছে। গতকাল মহাষ্টমী তিথিতে রাজধানী আগরতলার বিভিন্ন পূজা মন্ডপে দর্শনার্থীদের ঢল নামে। আনন্দমুখর পরিবেশে সারারাত ধরে উৎসবের আমেজে মেতে ওঠেন প্রায় সববয়সের লোকজন।

\*\*\*\*\*

CM Dr. Manik Saha :

দুর্গোৎসবে পুলিশ, টিএসআর এবং ট্রাফিক পুলিশের সদস্যদের কর্ম প্রয়াসকে কুর্নিশ জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। গতকাল এক বার্তায় মুখ্যমন্ত্রী জানান, "সেবা বীরতা বন্ধুত্ব" ত্রিপুরা পুলিশের এই স্লোগানকে আক্ষরিক অর্থেই সার্থক হতে শারদীয়া দুর্গোৎসবের দিনগুলিতে আমরা দেখি। নিজের পরিবার প্রিয়জনের আনন্দ-উৎসবের কথা ভুলে জননিরাপত্তা ও স্বাচ্ছন্দ বিধানে নিজেদের উজাড় করে দিয়ে, এবারও অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন তাঁরা।

\*\*\*\*\*

Train accident :

মাইসুরু দারভাঙ্গা এক্সপ্রেস গতকাল রাত আনুমানিক ৪.৫০ নাগাদ চেন্নাই বিভাগের গুম্বিদিপুন্ডির কাছে কাভারাইপেট্রাইতে দুর্ঘটনার সম্মুখীন হয়।

গতকাল অন্ধপ্রদেশের দিকে যাচ্ছিল ট্রেনটি একটি স্থির পণ্যবাহী ট্রেনের সাথে সংঘর্ষ হয়।

প্রত্যক্ষদর্শীদের বিবরণ অনুযায়ী সংঘর্ষ গুরুতর ছিল যার ফলে মাইসুরু দারভাঙ্গা এক্সপ্রেসে আরোহীদের মধ্যে একাধিক আহত হয়েছে এবং ট্রেনের দুটি বগিতেই আগুন ধরে যায়।

\*\*\*\*\*

State Police :

রাজ্য পুলিশ প্রশাসন জানিয়েছে দুর্গোৎসবের দিনগুলিতে রাজ্যে সর্বত্র শান্তিপূর্ণ ও স্বাভাবিক পরিবেশ রয়েছে। তবে সামাজিক মাধ্যমে কিছু দুরভিসন্ধির লোক মিথ্যে ও গুজব ছড়ানোর চেষ্টা করছে বলে পুলিশ দাবি করে। বলেছে, এসব দুর্জন ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে। কোনোরকম গুজবে কান না দিতে রাজ্য পুলিশ সবার প্রতি অনুরোধ জানিয়েছে।

পুলিশ সদর থেকে বলা হয়েছে, ভিত্তিহীন গুজব ছড়িয়ে শান্তি নষ্ট করার চেষ্টায় - সামাজিক মাধ্যমে বার্তা বা পোস্ট কারুর নজরে এলে, সে সম্পর্কে নিকটবর্তী থানায় জানাতে হবে।

এছাড়া ১১২ অথবা ১০০ নম্বরে ফোন করে জানাতেও পুলিশ আহবান

\*\*\*\*\*

CM-Pandal Visit :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মান্দাই এর আইতর্মা ক্লাব, এডভেঞ্চার ক্লাব, ইন্টারন্যাশনাল ক্লাব, ভগু দাস পাড়া, রঞ্জাই ক্লাবের পূজা মণ্ডপ পরিদর্শন করেন। তাছাড়া তিনি

চম্পকনগরস্থিত রাক্তিযাছড়া পাড়ায় আইচুকনিপহর ক্লাব এর পূজা  
মণ্ডপ ও মান্দাই এর ত্রিপুরা সুন্দরী আশ্রম পরিদর্শন করেন।

\*\*\*\*\*

Mayer Gaman :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ১৪ অক্টোবর  
তুলসীবতী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মায়ের গমন -  
২০২৪ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। তথ্য সংস্কৃতি দপ্তর  
জানিয়েছে, বিকেল ৫ টায় শুরু হবে অনুষ্ঠান। উপস্থিত থাকবেন  
অর্থমন্ত্রী প্রনজিঃ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি  
কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সহ মন্ত্রিসভার আরও কয়েকজন  
সদস্য সহ অন্যরা।

\*\*\*\*\*

Puja pandals of Mohanpur:

মোহনপুর মহকুমা প্রশাসন ব্যতিক্রমী পুজোর আয়োজনের জন্য  
দুটি মন্ডপকে পুরস্কৃত করেছে। মহকুমা শাসক সুভাষ দত্ত  
গতকাল জানিয়েছেন কামালঘাটের শান্তিপাড়া প্লে সেন্টার এবং  
নবীন সংঘের পুজোর আয়োজনকে পুরস্কৃত করা হয়েছে।  
শান্তিপাড়া প্লে সেন্টারের থিম বৰ্ণ পরিচয়। অন্যদিকে, নবীন  
সংঘে মনিপুরের ইম্ফলের একটি শিব মন্দিরের আদলে মন্ডপ  
তৈরি করা হয়েছে। এদিকে, মোহনপুর মহকুমার গান্ধীগ্রাম বাজার  
সমিতির পুজো মন্ডপ ঘিরে ভিড় জমা হচ্ছে দর্শনার্থীদের।  
কেদারনাথ মন্দিরের আদলে এই মন্ডপ তৈরি করা হয়েছে।  
নতুননগরে ছত্রবন্ধু ক্লাব এবং নরসিংগড় বাজারে কসমস ক্লাবের  
পুজো মন্ডপও দর্শনার্থীদের আকর্ষণ করছে।

\*\*\*\*\*

Yuba Samaj :

রাজধানীর জয়নগরের প্রতিহ্যবাহী ক্লাব যুব সমাজ এর এবারের থিম রবীন্দ্রনাথ ঠাকুর ও ত্রিপুরার সম্পর্ক, মূলত 'এসো আমার ঘরে' -শীর্ষক এই পূজা মন্দপের সামগ্রিক পরিবেশ রাবীন্দ্রিক ভাবনার উপর ভিত্তি করেই তৈরী করেছেন আয়োজক সংস্থা । দুর্মূল্য প্রচুর ছবি, শান্তিনিকেতন থেকে আনা বিভিন্ন সামগ্রী প্রদর্শিত হয়েছে পূজা মন্দপে, রয়েছে একটি গ্রামোফোন রেকর্ডও

\*\*\*\*\*

**Special adhaar camp :**

দুর্গাপূজা উপলক্ষ্যে আধার কার্ডে নাম নিবন্ধন ও সংশোধন করার জন্য বিশেষ শিবিরের আয়োজন করেছে জিরানিয়া, মোহনপুর ও সদর মহকুমা প্রশাসন। গতকাল সদর মহকুমা শাসক মানিক লাল দাস আগরতলায় শিববাড়ি পূজা প্রাঙ্গনে শিবির ঘুরে দেখেন। তিনি জানান, গত ৯ অক্টোবর থেকে এই শিবির শুরু হয়েছে। চলবে আজ পর্যন্ত। এদিকে, জিরানিয়া মহকুমার অন্তর্গত বিবেকানন্দ ক্লাবে আয়োজিত বিশেষ আধার শিবির বসানো হয়েছে। মোহনপুর মহকুমার অন্তর্গত শান্তিপাড়া প্লে সেন্টারের পূজা মন্দপের পাশে আধার শিবিরের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**Weather :**

আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্রসহ দু এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*